

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ



# গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, জানুয়ারি ১৮, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

জননিরাপত্তা বিভাগ

## প্রজ্ঞাপন

তারিখ : ২৯ পৌষ, ১৪২৬ বঙ্গাব্দ/১৩ জানুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ।

এস.আর.ও. নং ১৪-আইন/২০২০।—বর্তার গার্ড বাংলাদেশ আইন, ২০১০ (২০১০ সনের ৬৩ নং আইন) এর ধারা ১৩৫ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার বর্তার গার্ড বাংলাদেশ (জুনিয়র কর্মকর্তা, পদবিধারী বর্তার গার্ড সদস্য ও সিপাহি) নিয়োগ বিধিমালা, ২০১৭ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার—

(ক) বিধি ৮ এর উপ-বিধি (৭) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৭) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(৭) যথাযথ আনুষ্ঠানিকতা পরিপালনপূর্বক নিম্নবর্ণিত পদসমূহ বিলুপ্ত হইলে উক্তরূপ বিলুপ্তির পূর্বে উক্ত পদসমূহে কর্মরত ব্যক্তিগণকে তফসিল-১ এ বর্ণিত সাধারণ পেশা (জিডি) এর বা সমমানের কোনো পদে স্থানান্তর এবং, ক্ষেত্রমত, উক্ত পদের সহিত সমন্বয় করিয়া কোনো পদে পদোন্নতিসহ অন্যান্য সুযোগ সুবিধা প্রদান করা যাইবে, যথা :—

- (ক) সুবেদার মেজর (ভিএম);
- (খ) সুবেদার মেজর (টেকনিশিয়ান);
- (গ) সুবেদার (আইডিল্টেচ্ট);
- (ঘ) সুবেদার (টেকনিশিয়ান);

(১৩৩৩)

মূল্য : টাকা ৮.০০

- (ঙ) হাবিলদার (আইডলিউটি);
  - (চ) হাবিলদার ড্রাফটসম্যান (জিডি);
  - (ছ) নায়েক ড্রাফটসম্যান (জিডি);
  - (জ) নায়েক সার্ভেয়ার (জিডি);
  - (ঝ) নায়েক (ওয়েল্ডার);
  - (ঞ) নায়েক (পেইন্টার);
  - (ট) নায়েক (আপহোলস্টার);
  - (ঠ) ল্যাঙ্ক নায়েক (ড্রাফটসম্যান/সার্ভেয়ার);
  - (ড) ল্যাঙ্ক নায়েক (আইডলিউটি);
  - (ঢ) ল্যাঙ্ক নায়েক (ওয়েল্ডার);
  - (ণ) সিপাহি (আইডলিউটি);
  - (ত) সিপাহি (ওয়েল্ডার);
  - (থ) সিপাহি (পেইন্টার);
  - (দ) সিপাহি (আপহোলস্টার); এবং
  - (ধ) সিপাহি (কার্পেন্টার) ”;
- (খ) তফসিল-১ এর কলাম (১) এ উল্লিখিত ক্রমিক নং ২৫, ২৬, ২৭, ২৮, ২৯, ৩০, ৩১, ৩২, ৩৩, ৩৪, ও ৩৫ এর বিপরীতে কলাম (৫) এর এন্ট্রি (ক) তে উল্লিখিত “৩ (তিনি)” সংখ্যা, বন্ধনী ও শব্দের পরিবর্তে “৫ (পাঁচ)” সংখ্যা, বন্ধনী ও শব্দ প্রতিস্থাপিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোন্তাফা কামাল উদ্দীন  
সিনিয়র সচিব।